The Daily Star
dailystarnews
/in/dailystarnews
FOR ALL LATEST NEWS
FOLLOW US
/dailystar_bd
/dailystarnews
www.thedailystar.net

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী সওজ এর কার্যালয়
সড়ক বিভাগ, টাঙ্গাইল।
ফোন : ০৯২১-৬৪০৪৩
E-mail: eetan@rhd.gov.bd

স্মারক নং- ৪৭৪.০৭.০০১.২৫-  তারিখ: ২৮-০৮-২০২৫ইং।

### সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার নবায়ন ফি, তালিকাভুক্তির ফরম সংগ্রহ ও জমার সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের স্মারক নং-৪৭৪.০৭.০০১.২৫-২৩৪২, তাং-৩০-০৬-২০২৫ খ্রি. তারিখে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) ঠিকাদার নবায়ন ফি, তালিকাভূক্তির ফরম সংগ্রহ ও জমা দানের সময়সীমার তারিখ অনিবার্য কারণ বশতঃ সংশোধন করা হলো।

| পূর্ব অনুমোদিত সীমিত দরপত্র পদ্ধতির ঠিকাদার নবায়ন ফি, তালিকাভুক্তির ফরম সংগ্রহ ও জমাদানের শেষ তারিখ | সংশোধিত সীমিত দরপত্র পদ্ধতির ঠিকাদার নবায়ন ফি, তালিকাভুক্তির ফরম সংগ্রহ ও জমাদানের শেষ তারিখ |
|---|---|
| ৩১-০৮-২০২৫ইং, সময় বিকাল- ৫.০০ ঘটিকা | ১৫-০৯-২০২৫ইং, সময় বিকাল- ৫.০০ ঘটিকা |

২৮/০৮/২০২৫
(ড. সিনথিয়া আজমিরী খান)
পরিচিতি নং-৬০২২১৪
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, টাঙ্গাইল।

GD-1896

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
কল্যাণ শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.২৩.০১৭.২৫-৬৯৫

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২৬ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতা সম্পন্ন সকল অনিবাসী বাংলাদেশির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | ক্যাটাগরি | সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী]: | সর্বোচ্চ ০৫জন | ক) ২০২৪-২০২৫ অর্থবছরে বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসেবে ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ ;<br>(খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন। |
| ০২ | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী]: | সর্বোচ্চ ৭৫ জন | ২০২৪-২০২৫ অর্থবছরে অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ। |
| ০৩ | সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক]: | সর্বোচ্চ ১০ জন | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরে বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার [Free on Board (FOB)] বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানিকরণ;<br>(খ) পিআরসি (Proceeds Realisation Certificate) এর মাধ্যমে বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানির পরিমাণ; এবং<br>(গ) অধিক মূল্য সংযোজন সম্পন্ন বাংলাদেশি পণ্য (Higher Value Added Product) সংশ্লিষ্ট দেশে আমদানিকারককে অগ্রাধিকার প্রদান করা হবে। |

শর্তাবলীঃ

১। ০১ সেপ্টেম্বর, ২০২৫ হতে ১৫ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ বাংলাদেশ সময় রাত ১২.০০ টার মধ্যে নির্ধারিত ওয়েবসাইট www.cip.probashi.gov.bd এর মাধ্যমে অনলাইন-এ আবেদন দাখিল করতে হবে। উক্ত সময়সীমার পর কোন আবেদন দাখিল করা যাবে না।

২। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস অথবা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সরাসরি (হার্ড কপি আকারে) কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না।

৩। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন কিংবা এতদসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করে।

সাইয়েদা ফয়জুন্নেছা ২৮/০৮/২০২৫
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৪১০৩০২৫১
ইমেইল- saswelfare@probashi.gov.bd

GD-1898

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট রাঙ্গামাটি।

(knsirangamati.portal.gov.bd)

(একই তারিখ ও স্মারকে স্থলাভিসিক্ত)

স্মারক নং-৪৩.৩২.৮৪০০.০০১.১১.০৩৫.২৫-৬৫(৮)

তারিখ: ২৭ অগাষ্ট ২০২৫খ্রি: / ১২ই ভাদ্র ১৪৩২বঙ্গাব্দ:

## নিয়োগ বিজ্ঞপ্তি

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির রাজস্ব বাজেটে ০৮ ক্যাটাগরির ১৪(চৌদ্দ) টি শূন্যপদ পূরণের লক্ষ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট কর্মচারী চাকরী প্রবিধানমালা, ২০২২ খ্রি: অনুযায়ী জনবল নিয়োগের উদ্দেশ্যে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও বর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | আবেদন দাখিলের শেষ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | সহকারী পরিচালক | ০১টি | ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) | ১৮-৩২ বৎসর | **কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে**<br>ক) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>খ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>গ) ০৪(চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান) ডিগ্রি। |
| ২। | ফিল্ড অফিসার | ০১টি | ১৬০০০-৩৮৬৪০ (১০ম গ্রেড) | ১৮-৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী এবং<br>খ) জাদুঘরের জন্য বিভিন্ন উপজাতীয় প্রদর্শনী সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | হিসাব রক্ষক | ০১টি | ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড) | ১৮-৩২ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪। | লাইব্রেরীয়ান কাম মিউজিয়াম সহকারী | ০১টি | ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড) | ১৮-৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে অন্যূন ০৬(ছয়) মাস মেয়াদী ডিপ্লোমা বা ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ৫। | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ০১টি | ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড) | ১৮-৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) শর্টহ্যান্ড ও কম্পিউটার এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ৬। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২টি | ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ১৮-৩২ বৎসর | ক)কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট(এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) এমএসঅফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেস পরিচালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৭। | গাড়ি চালক | ০১টি | ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ১৮-৩২ বৎসর | **গ্রেড ১৫ এর ক্ষেত্রে**<br>ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট(এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) ভারী গাড়ি চালানোর লাইসেন্স থাকিতে হইবে।<br>**গ্রেড ১৬ এর ক্ষেত্রে**<br>ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট(এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) হালকা গাড়ি চালানোর লাইসেন্স থাকিতে হইবে। |
| ৮। | অফিস সহায়ক | ০৬টি | ৮২৫০-২০২১০ (২০তম গ্রেড) | ১৮-৩২ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট(এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী :**

**১।** আবেদনকারীকে পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি বরাবর 'নমুনা ছক' মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে আগামী ৩০শে সেপ্টেম্বর ২০২৫খ্রি: বিকাল ৫.০০ মিনিট পর্যন্ত অফিস চলাকালীন **[ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি, ব্রিগেড সদর দপ্তরের সামনে]** রাঙ্গামাটি কার্যলয়ে সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত **তারিখ ও সময়ের পরে সরাসরি কিংবা ডাকযোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

**২।** আবেদন ফরম ও প্রবেশ পত্রের নমুনা কপি, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ ওয়েবসাই [www.rhdc.gov.bd] এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির ওয়েবসাইট [ www.knsirangamati.portal.gov.bd ] হতে ডাউনলোড করা যাবে।

**৩।** আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীল মোহর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

**ক)** সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। ০৩ (তিন) কপি ছবির ১ (এক) কপি প্রবেশ পত্রের সাথে আঠা দিয়ে লাগাতে হবে এবং বাকী ০২ (দুই) কপি ছবি অফিসের ব্যবহারের জন্য আবেদন ফর্মের সাথে ক্লিপ/স্টাপলার পিন দিয়ে সংযুক্ত করে দাখিল করতে হবে।

**খ)** বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

**গ)** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র/পৌর প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ সংযুক্ত করতে হবে।

**ঘ)** রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে **জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ** কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা ও কোন নৃ-গোষ্ঠীর সদস্য তার সনদ/প্রত্যয়ন পত্র।

**ঙ)** প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তার প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি)

**চ)** জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ।

**ছ)** অভিজ্ঞতার সনদ (যদি থাকে)

**জ)** আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ ও ০২ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে ২০০/-(দুইশত) টাকা, ০৩-০৭ নং ক্রমিক পর্যন্ত পদের প্রার্থীদের ক্ষেত্রে ১০০/-(একশত) এবং ০৮ পদের প্রার্থীদের ক্ষেত্রে ৫০(পঞ্চাশ) টাকা পরিচালক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি এর নামীয় **অগ্রণী ব্যাংক লি:, বনরুপা শাখা, রাঙ্গামাটি চলতি হিসাব নং-১৩৪১** তে জমা দিয়ে জমা স্লিপের মূল কপি সংযুক্ত করতে হবে।

**ঝ)** আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

**ঞ)** চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

**৪।** অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**৫।** আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাপজপত্রাদি অসত্য/ভূয়া বলে প্রমাণিত হলে কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ায় যে কোন পর্যায়ে আবেদন/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**৬।** প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র বৈধ বিবেচনায় যোগ্য প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

**৭।** আবেদনকারীদের বৈধ এবং বাতিল তালিকা ইনস্টিটিউট এর ফেসবুক পেইজ, ওয়েবসাইট এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

**৮।** পরীক্ষার তারিখ ও সময় উল্লেখ করে প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা করা হবে। কোন কারণে তারিখ / সময় পরিবর্তন হলে তা ইনস্টিটিউট এর ফেসবুক পেইজ, ওয়েবসাইট এর মাধ্যমে করে প্রার্থীকে জানানো হবে। বৈধ প্রার্থী কোন কারণে প্রবেশপত্র না পেয়ে থাকলে পরীক্ষার তিন দিন আগে অফিস থেকে ডুপ্লিকেট কপি সংগ্রহ করা যাবে।

**৯।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা অফিসের নোটিশ বোর্ড/ফেসবুকপেইজ এবং ওয়েবসাইট এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্র/কাগজপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**১০।** নিয়োগের ক্ষেত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ অনুসারে **"শতকরা আশিভাগ কর্মকর্তা ও কর্মচারী স্থানীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্যদের মধ্যে হইতে নিয়োগ করিতে হইবে।" ১২ নং** ধারা অনুসরণ করা হবে।

**১১।** প্রার্থীদের আবেদপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্যপদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

**১২।** আবেদনকারীকে আবেদনপত্রে খামের উপরিভাগে পদের নাম লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা লিখেতে হবে।

**১৩।** নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

**১৪।** কোটা সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক নং ০৫.০০.০০০.১৭০.১১.০১৪.২৪. ১৪১ তারিখ: ২৩শে জুলাই ২০২৪খ্রি: সর্বশেষ আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

**(জিতেন চাকমা)**
পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
রাঙ্গামাটি
ফোন : ০২৩৩৩৩৭২০৪৬
ই-মেইল: jitenknsi@gmail.com

GD-1891